দৈনিক বাংলা

তারিখ 3/10/78
পৃষ্ঠা 12 কলাম 4

082

## শিক্ষকদের চাকরিবিধি প্রণয়নে কমিটি

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ১০ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল সোমবার শিক্ষামন্ত্রীর সাথে দেখা করেন এবং তাদের আশু ৫-দফা দাবীভিত্তিক একটি স্মারকলিপি পেশ করেন।

উক্ত স্মারকলিপির বিষয়বস্তু নিয়ে শিক্ষামন্ত্রীর সাথে ফেডারেশনের প্রতিনিধিবৃন্দের দু ঘন্টাব্যাপী আলোচনা ~~হয়।~~ শিক্ষামন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব এ এ এম শরফুদ্দীন আলোচনায় উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী প্রতিনিধিদলকে বলেন যে স্মারকলিপিতে উল্লিখিত তাদের সমস্যাসমূহ সমাধানের জন্য সরকার সক্রিয় উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করছেন। প্রতিনিধিদলকে তিনি আরো জানান যে শিক্ষামন্ত্রণালয়ের অতিরিক্ত শিক্ষাসচিবের নেতৃত্বে শিক্ষকদের চাকরিবিধি প্রণয়ন ও বিবেচনা করার জন্য একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছে। উক্ত কমিটিতে বিশ্ববিদ্যালয়, শিক্ষাবোর্ড, জনশিক্ষা পরিচালনা দফতর ও শিক্ষক সমিতি ফেডারেশনের একজন করে সদস্য গ্রহণ করা হবে।

প্রতিনিধিদলে ছিলেন মওলানা আবদুল মান্নান, অধ্যাপক এম শরীফুল ইসলাম, মওলানা খন্দকার নাসিরউদ্দীন, অধ্যাপক আবদুল লতিফ, অধ্যক্ষ এ এম শহীদউল্লাহ, অধ্যক্ষা হোসনে আরা শাহেদ, জনাব আবদুল মান্নান, জনাব শেখ আমানউল্লাহ ও জনাব খলিলুর রহমান।